



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2<sup>nd</sup> Term: Answer Work Sheet - 3

Class: 3



Subject: Bengali Grammar: (অনুচ্ছেদ)

Date: 04/07/2020

## রবীন্দ্রনাথ ঠাকুরঃ

১৮৬১ সালের ৭ই মে কলিকাতার বিখ্যাত ঠাকুর পরিবারে রবীন্দ্রনাথের জন্ম হয়। পিতা দেবেন্দ্রনাথ ও মাতা ছিলেন সারদা দেবী। পিতামহ দ্বারকানাথ ঠাকুর ছিলেন বাংলার স্বনামধন্য মানুষ। বিদ্যালয়ের বাঁধাধরা জীবন তার ভাল লাগত না। বাড়ীতে গৃহশিক্ষক ও প্রকৃতি থেকেই তিনি তার জ্ঞানলাভ করেছেন। ছেলেবেলা থেকেই তার সংগীত ও লেখার দিকে আগ্রহ ছিল। তিনি অনেক কবিতা, গল্প, উপন্যাস ও নাটক লিখেছেন। রচনা করেছেন অনেক গান যেগুলি রবীন্দ্রসংগীত নামে খ্যাত। ছবি আঁকতেও তিনি সমান পারদর্শী ছিলেন। তিনি ১৯১৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। সারা পৃথিবীতে তার নাম ছড়িয়ে পড়ে। তিনি শান্তিনিকেতনে বিশ্বভারতী নামে একটি বিশ্ববিদ্যালয় গড়ে তোলেন। মহান এই কবি ১৯৪১ সালের ৭ই আগষ্ট মারা যান।

Manashi Chaudhuri